

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৮৮০

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (১ ত্রান্ )

পরিচ্ছেদঃ ৬. দ্বিতীয় অনুচ্ছেদ - ক্রয়-বিক্রয়ের শর্তসমূহ

### আরবী

وَعَنْ عَبْدِ اللَّهِ بْنِ مَسْعُودِ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «إِذَا اخْتَلَفَ الْبَيِّعَانِ فَالْقَوْلُ قَوْلُ الْبَائِعِ وَالْمُبْتَاعُ بِالْخِيَارِ» . رَوَاهُ التِّرْمِذِيُّ وَفِي رِوَايَةِ ابْنِ مَاجَهْ وَالدَّارِمِيِّ قَالَ: «الْبَيِّعَانِ إِذَا اخْتَلَفَا وَالْمَبِيعُ قَائِمٌ بِعَيْنِهِ وَلَيْسَ بَيْنَهُمَا بَيِّنَةٌ فَالْقَوْلُ مَا قَالَ الْبَائِعُ أَو يترادان البيع»

#### বাংলা

২৮৮০-[৬] 'আবদুল্লাহ ইবনু মাস্'উদ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ ক্রেতা ও বিক্রেতার মধ্যে যদি কোনো মতবিরোধ দেখা দেয়, সেক্ষেত্রে বিক্রেতার কথা অগ্রাধিকার হবে এবং ক্রেতার জন্য অবকাশ থাকবে। (তিরমিযী)[1]

ইবনু মাজাহ ও দারিমী-এর বর্ণনায় রয়েছে, ক্রেতা ও বিক্রেতার মধ্যে যদি মতবিরোধ দেখা দেয় এবং বিক্রিত দ্রব্য হুবহু সমুপস্থিত থাকে, আর কোনো পক্ষে সাক্ষী না থাকে, সেক্ষেত্রে বিক্রেতার কথা অগ্রাধিকার পাবে। অথবা উভয়ে ক্রয়-বিক্রয়কে বাতিল করে পরস্পর দ্রব্য ও মূল্য ফেরত দিয়ে দিবে।

## ফুটনোট

[1] সহীহ: নাসায়ী ৪৬৪৮, তিরমিযী ১২৭০, ইবনু মাজাহ ২১৮৬।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: যখন ক্রেতা ও বিক্রেতার মাঝে মূল্য, বিক্রিত পণ্য কিংবা লেনদেনের কোনো শর্তের ব্যাপারে দ্বন্ধ দেখা দিবে, তখন বিক্রেতার কথা শপথের সাথে (অর্থাৎ বিক্রেতা শপথ করে তার দাবির পক্ষে কথা বলবে) গ্রহণযোগ্য হবে। যেমন শারী আতের কায়দায় বলা যায় যে, (أن مَن كان القول قوله فعليه اليمين) অর্থাৎ যার কথাই আসল বলে গৃহীত হবে, কসম তাকেই করতে হবে। সুবুলুস্ সালামেও অনুরূপ রয়েছে। আহমাদ, নাসায়ীর বর্ণনায় আবূ



'উবায়দ হতে বর্ণিত রয়েছে, তার কাছে বিক্রেতা ও ক্রেতা বিক্রিত পণ্য নিয়ে আসলো এবং ক্রেতা বলল, আমি এটা এমন এমন কিছুর বিনিময়ে বিক্রিকরেছি। (উভয় দাবি ভিন্ন ভিন্ন) অতঃপর 'উবায়দাহ্ (রহঃ) বললেন, 'আবদুল্লাহ এমন বিষয় নিয়ে এসেছিলেন। তিনি বলেন, আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে এমন বিষয় নিয়ে উপস্থিত হয়েছিলাম। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বিক্রেতাকে শপথ করার নির্দেশ দিলেন এবং ক্রেতাকে ইচ্ছাধীন দিলেন। চাইলেই সে উক্ত পণ্য কিনতে পারে অথবা বর্জন করতে পারে। (তুহফাতুল আহওয়ায়ী ৪র্থ খন্ত, হাঃ ১২৭০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন